

Prime Minister's interaction with the Indian Community and Friends of India in Bali, Indonesia

November 15, 2022

প্রধানমন্ত্রী ইন্দোনেশিয়ার বালিতে ভারতীয় বংশোদ্ভূত এবং ভারতের বন্ধুদের সঙ্গে মতবিনিময় করেছেন

নভেম্বর 15, 2022

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ১৫ নভেম্বর ইন্দোনেশিয়ার বালিতে ৮০০ জনেরও বেশি ভারতীয় বংশোদ্ভূত এবং ভারতের বন্ধুদের সঙ্গে মতবিনিময় করেছেন। ইন্দোনেশিয়ার বিভিন্ন প্রান্ত থেকে এই প্রানবন্ত মানুষেরা জড়ো হয়েছিলেন।

২. তাঁর ভাষণে প্রধানমন্ত্রী ভারতীয় ও ইন্দোনেশীয় সভ্যতার মধ্যে নিবিড় যোগাযোগের কথা উল্লেখ করেন। তিনি বলেন, 'বালি যাত্রা'র মতো প্রাচীন প্রথা উভয় দেশের মধ্যে সাংস্কৃতিক ও বাণিজ্যিক যোগাযোগের বিষয়টিকে তুলে ধরে। দুটি দেশের বিভিন্ন ক্ষেত্রে সাদৃশ্যের প্রসঙ্গও প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

৩. শ্রী মোদী ভারতীয় সম্প্রদায়ের কঠোর পরিশ্রম এবং অধ্যবসায়ের স্বভাবজাত দিকটি উল্লেখ করেন। এরফলে বিদেশে বসবাসরত ভারতীয়রা দেশের মুখ উজ্জ্বল করছেন বলে তিনি মন্তব্য করেন। ভারত-ইন্দোনেশিয়ার মধ্যে সম্পর্কের ইতিবাচক দিকের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, এই সম্পর্ককে মজবুত করার ক্ষেত্রে ইন্দোনেশিয়ার বসবাসরত ভারতীয়রা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন।

৪. প্রধানমন্ত্রী ভারতের বিকাশ যাত্রা এবং বিভিন্ন ক্ষেত্রের সাফল্যের কথা উল্লেখ করেন। ডিজিটাল প্রযুক্তি, অর্থ, স্বাস্থ্য, টেলিকম এবং মহাকাশের মতো নানা ক্ষেত্রে ভারত এগিয়ে চলেছে। বিশ্বের রাজনৈতিক ও অর্থনৈতিক চাহিদার দিকটি বিবেচনা করে ভারতের উন্নয়নের পরিকল্পনা করা হয়েছে বলে তিনি মন্তব্য করেন। আত্মনির্ভর ভারত বিশ্বের কল্যাণকে নিশ্চিত করবে।

৫. প্রধানমন্ত্রী আগামী ৮-১০ জানুয়ারী মধ্যপ্রদেশের ইন্দোরে প্রবাসী ভারতীয় দিবস সম্মেলনে যোগ দিতে ইন্দোনেশিয়ায় বসবাসরত ভারতীয় এবং ভারতের বন্ধুদের আমন্ত্রণ জানিয়েছেন। এছাড়াও এই অনুষ্ঠানের পরে গুজরাটে যে ঘুড়ি উৎসবের আয়োজন করা হয়েছে তাতেও তিনি সকলকে অংশগ্রহণের আমন্ত্রণ জানান।

বালি

নভেম্বর 15, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.